

তারিখ
পৃষ্ঠা



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশি বাজার, ঢাকা

নং-পাঠা/১৩১০/১০২

তারিখ ২৩-০১-০২ ইং

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত/
অনুমোদিত পাঠ্যপুস্তক সংক্রান্ত

জরুরী বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতি/অনুমতিপ্রাপ্ত সকল স্তরের মাদরাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইবতেদায়ী স্তরের (১ম-হতে ৫ম শ্রেণী) ৮টি বিষয়ের ৩৪টি পাঠ্যপুস্তক পরিমার্জিত আকারে বোর্ডের মনোমুখ্য জলছাপযুক্ত ইনার ফর্মা নিরাপত্তা কাগজে ২০০২ সনের জানুয়ারী মাসের ১ম সত্তাহে মুদ্রণ ও বাজারজাত করা হয়েছে।

বোর্ডের মনোমুখ্য জলছাপযুক্ত প্রতিটি পাঠ্যপুস্তকে ১ ফর্মা করে নিরাপত্তা কাগজে ২০০২ সনে মুদ্রিত পাঠ্যপুস্তক নির্দিষ্ট শ্রেণীতে পাঠ্যভুক্ত করার জন্য সকল মাদরাসা প্রধানকে অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, ১৯৯৯ সনে মুদ্রিত ইবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তকসমূহ ইতিপূর্বে বাতিল করা হয়েছে বিধায় পুরাতন পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাত এবং পাঠ্যভুক্ত না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

১৯৯৯ সনে মুদ্রিত পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাত এবং কোন মাদরাসায় পাঠ্যভুক্ত করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরও জানানো যাচ্ছে যে, দাখিল ৬ষ্ঠ শ্রেণী থেকে ৯ম-১০ম শ্রেণীর পূর্বে প্রকাশিত/অনুমোদিত পাঠ্যপুস্তক ২০০২ সনের জন্য বহাল থাকবে।

ডঃ আবুল খায়ের মুহাম্মদ ইরাকুব হোসাইন
সি-১৭২/২০০২ (৬'X২)
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।